# নরসিংদী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ
বাংলাদেশ তাঁত বোর্ড
(বস্ত্র ও পাট মন্ত্রণালয়)
সাহেপ্রতাব, নরসিংদী।


স্মারক নং- বাতাঁবো/বাতাঁশিপ্রই/বিএসসি/১০৬/২০১৮-

তারিখ: ১৫ এপ্রিল, ২০২৫ খ্রিঃ।

## বিএসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম ভর্তি বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীনস্ত বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক পরিচালিত বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় (BUTEX) অধিভুক্ত "নরসিংদী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সাহেপ্রতাব, নরসিংদী" এ ৪ (চার) বছর মেয়াদি বি.এসসি ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে লেভেল-১, টার্ম-১ এ ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

**১। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী:**

| আবেদনের ন্যূনতম যোগ্যতা | আবেদনের সময়সীমা | ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও স্থান | ফলাফল প্রকাশ, ভর্তির তারিখ ও ক্লাশ শুরুর তারিখ | বিভাগ ও আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| (ক) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।<br>(খ) আবেদনকারীকে এস.এস.সি/ দাখিল/ সমমানের পরীক্ষায় ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.৫০ থাকতে হবে।<br>(গ) আবেদনকারীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-জুট টেকনোলজি/ ডিপ্লোমা-ইন-গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ণ মেকিং কোর্সের পরীক্ষায় ৪.০০ এর স্কেলে কমপক্ষে সিজিপিএ (CGPA) ২.৭৫ পেয়ে উত্তীর্ণ হতে হবে।<br>(ঘ) উল্লেখিত কোর্সসমূহের পরীক্ষায় ২০২১, ২০২২ ও ২০২৩ সনে উত্তীর্ণ শিক্ষার্থীরাই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত, সেক্টর কর্পোরেশনে-এ শিক্ষকতাসহ অন্যান্য পদে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।<br>(ঙ) চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। | ১৬.০৪.২০২৫ হতে ২৩.০৪.২০২৫ তারিখ পর্যন্ত। | <u>ভর্তি পরীক্ষার তারিখ:</u><br>২৬.০৪.২০২৫ তারিখ (শনিবার)<br><u>সময়ঃ</u><br>সকাল ১০:০০ ঘটিকা থেকে ১১:২০ ঘটিকা পর্যন্ত।<br><u>স্থানঃ</u><br>নরসিংদী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সাহেপ্রতাব, নরসিংদী | <u>ফলাফল প্রকাশঃ</u><br>২৬.০৪.২০২৫ তারিখ www.bhb.gov.bd & www.bheti.portal.gov.bd ওয়েব সাইট এবং কলেজের নোটিশ বোর্ডের মাধ্যমে ফলাফল প্রকাশ করা হবে।<br><u>ভর্তির তারিখঃ</u><br>১। মেধা তালিকা হতে ভর্তির তারিখ: ২৭.০৪.২০২৫ হতে ২৮.০৪.২০২৫ তারিখ পর্যন্ত।<br>২। অপেক্ষমান তালিকা হতে ভর্তির তারিখ: ২৯.০৪.২০২৫ তারিখ<br><u>ক্লাশ শুরুর তারিখ</u><br>৩০.০৪.২০২৫ তারিখ। | ১। ওয়েট প্রসেসিং ইঞ্জিনিয়ারিং- ৪০টি<br>২। এ্যাপারেল ইঞ্জিনিয়ারিং- ৪০টি |

**২। আবেদন ফি:** ভর্তি পরীক্ষার আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা।

**৩। আবেদনের পদ্ধতি:**

**(ক) অনলাইনে আবেদনের ক্ষেত্রে:** www.mygov.bd ওয়েব পোর্টালের মাধ্যমে বা সরাসরি আবেদন নির্ধারিত ফরমে আবেদন দাখিল করা যাবে। www.mygov.bd ওয়েব পোর্টালের মাধ্যমে আবেদনের ক্ষেত্রে প্রথমে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। এ জন্য www.mygov.bd ওয়েব পোর্টাল প্রবেশ করে রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করতে হবে। অত:পর নির্ধারিত টেক্সট বক্সে নাম এবং মোবাইল নম্বর লিখে রেজিস্ট্রেশন করুন বাটনে ক্লিক করতে হবে। এ সময় প্রদত্ত মোবাইলে ৬ সংখ্যার একটি OTP নম্বর টেক্সট হিসেবে যাবে। অত:পর প্রাপ্ত OTP সংশ্লিষ্ট বক্সে লিখে ভেরিফিকেশন শেষ করে পাসওয়ার্ড প্রদান করতে হবে। এক্ষেত্রে OTP নম্বরকে পাসওয়ার্ড হিসেবে ব্যবহার করা যাবে অথবা নিজের মত পাসওয়ার্ড প্রদান করা যাবে। এখন www.mygov.bd ওয়েব পোর্টালে গিয়ে নাগরিক লগইন অপশনে গিয়ে মোবাইল নম্বর ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। অত:পর অনুসন্ধান বক্সে **"বিএসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে লেভেল-১, টার্ম-১ এ ভর্তির আবেদন"** লিখে **অথবা** মন্ত্রণালয়/দপ্তরভিত্তিক অপশনে দপ্তর অনুসারে সেবা অপশনে বস্ত্র ও পাট মন্ত্রণালয় সিলেক্ট করে বাংলাদেশ তাঁত বোর্ড সিলেক্ট করে নাগরিক (G2C) সেবা অপশনে **"বিএসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে লেভেল-১, টার্ম-১ এ ভর্তির আবেদন"** গিয়ে আবেদন ফরম পূরণ, সংশ্লিষ্ট সার্টিফিকেট সংযুক্তিতে আপলোড এবং পেমেন্ট সম্পন্ন করে আবেদন দাখিল করতে হবে। মোবাইলে প্রাপ্ত নোটিফিকেশন বা ব্যক্তিগত ড্যাশবোর্ড হতে সেবার কার্যক্রম সম্পন্ন হওয়া নিশ্চিত হলে ব্যক্তিগত ড্যাশবোর্ডের ট্র্যাকিং-এর ডাউনলোড অপশন হতে ডকুমেন্টটি ডাউনলোড করে নেয়া যাবে।

১৪৫

# নরসিংদী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ
বাংলাদেশ তাঁত বোর্ড
(বস্ত্র ও পাট মন্ত্রণালয়)
সাহেপ্রতাব, নরসিংদী।

**(খ) সরাসরি আবেদনের ক্ষেত্রে:** সরাসরি আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্তপূর্বক ফি পরিশোধ করে আবেদন সম্পন্ন করতে হবে।

৪। **ভর্তি পরীক্ষায় নিয়মাবলী:** ভর্তি পরীক্ষা মোট ২০০ নম্বরের MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। পরীক্ষায় ইয়ার্ণ ম্যানুফেকচারিং, ফেব্রিক ম্যানুফেকচারিং, ওয়েট প্রসেসিং এবং গার্মেন্টস ও ক্লদিং টেকনোলজি বিষয়ের উপর মোট (৪X৩০) =১২০ নম্বর এবং গণিত, পদার্থ, রসায়ন ও ইংরেজী বিষয়ের মোট (৪X২০) =৮০ নম্বরের প্রশ্ন থাকবে। ভর্তি পরীক্ষা ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা-ইন-জুট টেকনোলজি/ ডিপ্লোমা-ইন-গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ণ মেকিং টেকনোলজি কোর্সের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত সর্বশেষ পাঠক্রম অনুযায়ী অনুষ্ঠিত হবে। প্রশ্নপত্রে ১০০ টি প্রশ্ন থাকবে, প্রতিটি প্রশ্নের নম্বর হবে ২, প্রতি প্রশ্নে ৪টি উত্তরের Options থাকবে এবং পরীক্ষায় সময় হবে ১ ঘন্টা ২০ মিনিট।

৫। **সংরক্ষিত আসন:** নির্ধারিত আসনের অতিরিক্ত মুক্তিযোদ্ধা কোটায় ০২ টি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ০২ টিসহ মোট ০৪ টি আসন সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনের জন্য ভর্তি পরীক্ষায় যোগ্য বিবেচিত হলে ভর্তির সময় অবশ্যই ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী মর্মে প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক প্রদত্ত মূল সার্টিফিকেট দেখাতে হবে এবং এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদেরও ভর্তি পরীক্ষায় যথারীতি অংশগ্রহন করতে হবে এবং মেধা ভিত্তিক নির্বাচন করা হবে।

৬। **যোগাযোগ:** মোবাইল: ০১৫৫৮৯৪৮৬৬৪, ০১৬৭১৫৫০৬৭২।

(মোঃ মাহবুবুল হক)
অধ্যক্ষ (অঃ দাঃ)
নরসিংদী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ
সাহেপ্রতাব, নরসিংদী